

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 24.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) রাজ্যের ৬ টি বিধানসভা আসনের উপনির্বাচনে শাসক তৃণমূল কংগ্রেস সরকারিতেই জয়ী হয়েছে। হাড়োয়া ও সিতাই কেন্দ্রে বিজেপি প্রার্থীর এবং সরকারি আসনেই বামফ্রন্ট, বামফ্রন্ট সমর্থিত সিপিআইএমএল লিবারেশন এবং কংগ্রেস প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হয়েছে।
- ২) তৃণমূল কংগ্রেস নেতৃী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, এই জন সমর্থন, আগামী দিনে দলকে আরও সক্রিয়ভাবে মানুষের কাজ করার জন্য উৎসাহ যোগাবে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, রাজ্য উপনির্বাচনের পরিবেশ নেই। তবে দলীয় সংগঠনকেও শক্তিশালী করতে হবে।
- ৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
- ৪) রাজ্য সরকার উত্তরবঙ্গের কার্শিয়াং-এ একটি তথ্য প্রযুক্তি পার্ক গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে।
- ৫) অর্থ দপ্তর বলেছে, রাজ্য সরকারি অনুদানে চলা প্রতিষ্ঠান ও সংস্থার কর্মচারী, শিক্ষক, আধিকারিকরা এখন থেকে জিপিএফ তহবিলে বছরে ৫ লক্ষ টাকার বেশি জমা করতে পারবেন না।

৬) যুবভারতী ক্রীড়াসনে আইএসএল ফুটবলে গতকাল মোহনবাগান সুপারজায়ান্ট ৩-০ গোলে জামশেদপুর এফসিকে হারিয়ে দিয়েছে।

রাজ্যের ৬ বিধানসভা আসনের উপনির্বাচনে শাসক ত্রণমূল কংগ্রেস সবকটিতেই জয়ী হয়েছে। মাদারিহাট বাদে ৫ টি আসন অবশ্য ত্রণমূল কংগ্রেসের দখলেই ছিল। এবারের উপনির্বাচনে হাড়োয়া ও সিতাই কেন্দ্রে বিজেপি প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হয়েছে।

অন্যদিকে, বামফ্রন্ট, বামফ্রন্ট সমর্থিত সিপিআইএমএল লিবারেশন এবং কংগ্রেস প্রার্থীরা সবকটি আসনেই জামানত খুঁইয়েছেন।

৬ টি আসনের মধ্যে ৫ টি তে বিজেপি প্রার্থীরা দ্বিতীয় স্থানে থাকলেও হাড়োয়াতে তাঁরা তৃতীয় স্থানে নেমে গেছেন। এখানে দ্বিতীয় স্থানে রয়েছে আইএসএফ।

উত্তর ২৪ পরগণার হাড়োয়া কেন্দ্রে শাসক দলের প্রার্থী শেখ রবিউল ইসলাম জয়ী হয়েছেন। তিনি তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী আইএসএফ প্রার্থী পিয়ারুল ইসলামকে এক লক্ষ ৩১ হাজারেরও বেশি ভোটে হারিয়ে দিয়েছেন। শেখ রবিউল পেয়েছেন এক লক্ষ ৫৭ হাজার ৭২ ভোট। পিয়ারুল ইসলাম পেয়েছেন, ২৫ হাজার ৬৮৪ ভোট। বিজেপির বিমল দাস পেয়েছেন, ১৩ হাজার ৫৭০ ভোট।

জেলার নেতৃত্বে ত্রণমূল কংগ্রেস প্রার্থী সনৎ দে তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপি-র রূপক মির্কে ৪৯ হাজারের বেশি ভোটে হারিয়ে দিয়েছেন। শ্রী দে পেয়েছেন, ৭৮ হাজার ৭৭২ ভোট। এই আসনে তৃতীয় ও চতুর্থ স্থানে আছেন সিপিআইএমএল লিবারেশন এবং কংগ্রেস প্রার্থীরা।

বাঁকুড়ার তালডাংরা আসনে ত্রণমূল কংগ্রেস প্রার্থী ফাল্টুণী সিংহ বাবু তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপি-র অনন্যা রায় চক্ৰবৰ্তীকে ৩৪ হাজারেরও বেশি ভোটে হারিয়ে দিয়েছেন। ফাল্টুণী সিংহ বাবু পেয়েছেন ৯৮ হাজার ৯২৬ ভোট। বিজেপি প্রার্থী পেয়েছেন ৬৪ হাজার ৮৪৪ টি ভোট।

পশ্চিম মেদিনীপুর জেলার মেদিনীপুর আসনের উপ-নির্বাচনে ত্রণমূল কংগ্রেস প্রার্থী সুজয় হাজরা তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী বিজেপি প্রার্থী শুভজিত রায়কে প্রায় ৩৪ হাজার ভোটে হারিয়ে দিয়েছেন। সুজয় বাবু পেয়েছেন, এক লক্ষ ১৫ হাজারের কিছু বেশি ভোট। শুভজিত রায় পেয়েছেন ৮১ হাজার ১০৮ ভোট। তৃতীয় ও চতুর্থ স্থানে রয়েছে সিপিআই ও কংগ্রেস।

কোচবিহারের সিতাই সংরক্ষিত আসনে ত্রণমূল কংগ্রেস প্রার্থী সঙ্গীতা রায় বিজেপি-র দীপক কুমার রায়কে ১ লক্ষ ৩০ হাজারের বেশি ভোটে হারিয়ে জয় হয়েছেন। ত্রণমূল কংগ্রেস প্রার্থী পেয়েছেন, প্রায় ১ লক্ষ ৬৬ হাজার ভোট। এই আসনে তৃতীয় ও চতুর্থ স্থানে রয়েছে কংগ্রেস ও বাম প্রার্থী। এখানে মোট ৭ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় ছিলেন। পরাজিত সব প্রার্থীরই এখানে জামানত বাজেয়াপ্ত হয়েছে।

আলিপুরদুয়ারের মাদারিহাট সংরক্ষিত আসনে ত্রণমূল কংগ্রেসের জয় প্রকাশ টোঁপো ২৮ হাজারেরও কিছু বেশি ভোটে বিজেপির রাহুল লোহরকে হারিয়ে দিয়েছেন। এই আসনে তৃতীয় স্থানে আছেন নির্দল প্রার্থী।

২০১৬ এবং ২০২১-এর বিধানসভা নির্বাচনে মাদারিহাট আসনটি বিজেপি-র দখলে ছিল।

রাজ্যের ছয় বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনে নিরক্ষুশ জয়ের জন্য সাধারণ মানুষকে ধন্যবাদ জানিয়েছেন তৃণমূল কংগ্রেস নেতৃী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন, তৃণমূল কংগ্রেস জমিদার নয়, স্থানীয় মানুষের পাহারাদার হিসাবে কাজ করবে। এই জন সমর্থন আগামী দিনে আরো সক্রিয়ভাবে মানুষের কাজ করার জন্য উৎসাহ যোগাবে দলকে।

দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় তৃণমূল কংগ্রেস প্রার্থীদের শুভেচ্ছা জানিয়ে প্রথমবার জয়ের জন্যে মাদারিহাটের মানুষকে বিশেষভাবে ধন্যবাদ জানিয়েছেন।

তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, শাসক দলের প্রতি আস্থার প্রতিফলন ঘটেছে এই ফলাফলে।

বাইট কুনাল

অন্যদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দলীয় সংগঠনকে আরও শক্তিশালী হতে হবে বলে মন্তব্য করেছেন। তিনি বলেছেন, রাজ্য উপনির্বাচনের পরিবেশ নেই। উপনির্বাচনে সঠিকভাবে ভোটও হয় না।

বাইট শুভেন্দু

প্রবীণ কংগ্রেস নেতা, প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, তৃণমূল কংগ্রেস সরকার মানুষকে সরকারি টাকায় সাহায্য পাইয়ে দেওয়ার ব্যবস্থা করেছে। এতেই সুবিধা হয়েছে শাসকদলের।

বাইট অধীর

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্ৰবৰ্তী বলেছেন, রাজ্য উপনির্বাচনের ফল বরাবরই শাসকদলের পক্ষে যায়। তৃণমূলের ভোট বাড়ে না, বাড়ানো হয় বলে তাঁর দাবি।

বাইট সুজন

এদিকে, মহারাষ্ট্রে কংগ্রেস-শিবসেনা (ইউবিটি)-এনসিপি (শরদ) গোষ্ঠীর ‘মহাবিকাশ আঘাড়ী’কে হারিয়ে দুই-তৃতীয়াংশের বেশি সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় ফিরেছে বিজেপি-শিবসেনা (একনাথ শিল্পে)-এনসিপি (অজিত) গোষ্ঠীর জোট ‘মহাযুতি’। ঝাড়খণ্ডে কংগ্রেস-আরজেডি-নকশালপন্থীদের সঙ্গে নিয়ে সংখ্যাগরিষ্ঠতা পেয়ে রাঁচীর কুর্সি পুনর্দখল করেছেন হেমন্ত সোরেনের নেতৃত্বাধীন ঝাড়খন্ড মুক্তি মোর্চা। তাৎপর্যপূর্ণ ভাবে দু’রাজ্যেই আসন বেড়েছে শাসকের।

কেরলের ওয়ানাড়ে লোকসভা উপনির্বাচনে কংগ্রেস নেতৃী প্রিয়াঙ্কা গান্ধী চার লক্ষ দশ হাজারেরও বেশি ভোটে নিকটতম প্রতিদ্বন্দ্বী বাম প্রার্থীকে পরাস্ত করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে এই অনুষ্ঠানের ১১৬-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান।

রাজ্য সরকার, উত্তরবঙ্গের কার্শিয়াং-এ একটি তথ্যপ্রযুক্তি পার্ক গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে। ওয়েবেলের সহযোগিতায় ইত্মধ্যেই প্রকল্পটি নিয়ে সমীক্ষার কাজ শেষ

করে রিপোর্ট জমা দেওয়া হয়েছে বলে শিল্প দপ্তর সূত্রে খৰ। দেড় লক্ষ বর্গফুট এলাকা নিয়ে তৈরি এই পার্কে ১৯ হাজার ৩৬৯ বর্গফুট এলাকা বানিজ্যিক কাজে ব্যবহার করা হবে। বাকি জমিতে ফুডকোর্ট তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে। আগামী এক বছরের মধ্যে প্রকল্পটির প্রথম পর্যায়ের কাজ শেষ করার লক্ষ্যমাত্রা নিয়েছে সরকার।

সরকারি অনুদানে চলা প্রতিষ্ঠান ও সংস্থার কর্মচারী, শিক্ষক, আধিকারিকরা এখন থেকে জেনারেল প্রভিডেন্ট ফান্ড বা জিপিএফ তহবিলে বছরে ৫ লক্ষ টাকার বেশি জমা করতে পারবেন না। রাজ্য অর্থ দফতর এই মর্মে একটি বিজ্ঞপ্তি জারি করেছে। সরকারি কর্মী ও আধিকারিকদের জন্য এই নির্দেশ গত বছরই জারি করা হয়েছিল। এবার সরকারি অনুদান প্রাপ্ত সংস্থার কর্মীদের জন্য একই নিয়ম কার্যকর করা হচ্ছে।

যৌথ পরিবার ক্রমশ কমে আসার ফলে মানুষের মধ্যে একাকীভু বাঢ়ছে, বিশেষ করে শিশুদের মধ্যে এর প্রভাব পড়ছে বেশি। কলকাতায় গতকাল মনোবিদদের এক আলোচনা চক্রে এই কথা উঠে এসেছে। মনের স্বাস্থ্য নিয়ে কাজ করা স্বেচ্ছাসেবী সংস্থা ‘ডানা’র 25 বছর পূর্তি উপলক্ষে আয়োজিত সভায় মনোবিদরা বলেন, বর্তমান সময়ে মানুষের জীবনে আর্থিক স্বাচ্ছল্য এলেও যোগাযোগের অভাবে নানান মানসিক সমস্যা তৈরি হচ্ছে। এসব ক্ষেত্রে দ্বিধাগ্রস্ত না থেকে অবিলম্বে মনোবিদের পরামর্শ নেওয়া প্রয়োজন। বিশিষ্ট মনোবিদ ডঃ অমিত চক্ৰবৰ্তী অনুষ্ঠানে বলেন, অন্যের ওপর দোষারোপ না করে নিজের সমস্যা নিজেকে বোঝার চেষ্টা করতে হবে।

বাইট ডঃ অমিত চক্ৰবৰ্তী

পূর্ব রেলের ওভারহেডের কাজ ও ট্রাক মেরামতির জন্য আজ হাওড়া-বর্ধমান কড়শাখা, হাওড়া-ব্যান্ডেল শাখা এবং খানা-গুমানি শাখায় ৬ টি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে। এছাড়া কয়েকটি ট্রেনের সময়সূচীও পরিবর্তিত হয়েছে। কাটোয়া -আজিমগঞ্জ স্পেশাল দুপুর ১২ টার পরিবর্তে সাড়ে ১২ টায়, আহমেদপুর-কাটোয়া মেমু স্পেশাল ১২ টা ৫০ এর পরিবর্তে দুপুর ২ টো ৫ মিনিটে, কাটোয়া-আহমেদপুর স্পেশাল ১০ টা ৫৫-র পরিবর্তে দুপুর ১২ টা ৫-এ ছাড়বে।

যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবল ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট ৩-০ গোলে জামশেদপুর এফ সি কে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের পক্ষে টম আলড্রেড, লিস্টন কোলাসো, জেমি ম্যাকলারেন গোল করেছেন। এই জয়ের সূত্রে আট ম্যাচে ১৭ পয়েন্ট নিয়ে মোহনবাগান পয়েন্ট তালিকার শীর্ষে উঠে এসেছে।
